



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
আইসিটি অপারেশন বিভাগ

ফোন : ০২-৯৫৫১১৬৮
ই-মেইল : dgmictp@krishibank.org.bd

সূত্র নং- প্রকা/আইসিটি(অপাঃ)-০২-(৫৮)/২০১৬-২০১৭/১৪১৪(১২০০)

তারিখ : ১৫.০৬.২০১৭ খ্রিঃ

- ০১। সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।


বিষয় : ইনোভেশন আইডিয়া (Idea) প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রশাসন ও সেবা শাখার ২১-১২-২০১৪ তারিখের পত্র নং-৫৩.০০৩.০০৬.০০.০০.০২৫.১৪-৯৭২ এর নির্দেশনার প্রেক্ষিতে এবং ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে বাংলাদেশ কৃষি ব্যাংকে ইনোভেশন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সকল শাখা ও কার্যালয় হতে ব্যাংকের চলমান কার্যসমূহ স্বল্পতম সময়ের মধ্যে দ্রুত গতিতে সম্পন্ন করনের লক্ষ্যে নতুন নতুন আইডিয়া প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। নিম্নোক্ত ক্ষেত্রে নতুন আইডিয়া প্রদান করা যাবেঃ

- ক) ইনোভেশন আইডিয়া বলতে ব্যাংকের চলমান কার্যক্রম সমূহ বর্তমানের চেয়ে আরও উন্নত করার বিষয়ে নতুন কিছু আইডিয়া যা পূর্বে সংঘটিত হয়নি এমন সকল আইডিয়া সমূহকে বোঝাবে। যেমন- Customer Service আরও উন্নত করার জন্য নতুন কোন আইডিয়া প্রদান যার দ্বারা বর্তমানে চলমান সার্ভিসের চাইতে Improved/Reliable/Acceptable সার্ভিস প্রদান করা যাবে। অথবা,
 - খ) ব্যাংকের বর্তমান ঋণ প্রদান/ ঋণ গ্রহণ প্রক্রিয়া আরো উন্নত ও সহজ করা সম্ভব হবে। অথবা,
 - গ) ব্যাংকের অফিসিয়াল কাজ সমূহ যেমনঃ- Official File Processing/Official Data Processing/Decision Making/Report Generation ইত্যাদি কাজ সমূহ প্রক্রিয়াকরণ উন্নত করা সম্ভব হবে। অথবা,
 - ঘ) ব্যাংকের সার্বিক অবস্থার উন্নতি করে এমন যে কোন কাজ যুক্ত করা ইত্যাদি।
- ০২। কোন কর্মকর্তা/কর্মচারী কর্তৃক প্রদত্ত আইডিয়া এবং উহা কীভাবে বাস্তবায়ন করা হবে, কাজটি সম্পন্ন করার জন্য আনুমানিক ব্যয় প্রাক্কলন ইত্যাদি বিস্তারিত ভাবে জানিয়ে ই-মেইল ঠিকানায় (innovation.bkb@krishibank.org.bd) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে আইডিয়া প্রদানকারী একক/যৌথ/গ্রুপভিত্তিক হতে পারে।
- ০৩। আপনাদের আইডিয়া সমূহ বাংলাদেশ কৃষি ব্যাংকের ইনোভেশন টীম কর্তৃক যাচাই বাছাই করে আইডিয়াটি যথাযথ মনে হলে সকল বিষয় বিবেচনা করে উক্ত টীম কর্তৃক চূড়ান্তকরণ করা হবে। মনোনীত আইডিয়া কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হলে আইডিয়া প্রদানকারী কর্মকর্তা/কর্মচারী-কে প্রনোদনা হিসাবে পুরস্কৃত করা হবে।

অনুমোদনক্রমে-


15.06.17
(মোহাম্মদ সালাহউদ্দীন রাজীব)
উপ-মহাব্যবস্থাপক

তারিখ : ১৫.০৬.২০১৭ খ্রিঃ

সূত্র নং- প্রকা/আইসিটি(অপাঃ)-০২-(৫৮)/২০১৬-২০১৭/১৪১৪(১২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং, বিকেবি, প্রকা, ঢাকা-কে পত্রটি ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
- ০৪। নথি/মহানথি।